আবাসন খাতে নানা পেশাজীবী সংগঠন যুক্ত থাকলেও বাস্তবে ভবন নির্মাণের মূল দায়িত্ব উদ্যোক্তা ও নির্মাতাদেরই-রাজউক চেয়ারম্যান

রিহ্যাব ফেয়ার ২০২৫ এর উদ্বোধনকালে রাজউকের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ রিয়াজুল ইসলাম বলেন, আবাসন খাতে নানা পেশাজীবী সংগঠন যুক্ত থাকলেও বাস্তবে ভবন নির্মাণের মূল দায়িত্ব উদ্যোক্তা ও নির্মাতাদরেই। বুধবার চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, প্রধান অতিথি হিসাবে এবছর রিহ্যাব ফেয়ার ২০২৫ এর উদ্বোধন করেন রাজউকের চেয়ারম্যান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (এনএইচএ) এর চেয়ারম্যান মোছাঃ ফেরদৌসী বেগম। ৪ দিন ব্যাপী এ মেলা চলবে ২৭ ডিসেম্বর পর্যন্ত। এবারের ফেয়ারে ২২০টি স্টল থাকছে। রিয়েল এস্টেট প্রতিষ্ঠান ছাড়াও বিল্ডিং ম্যাটেরিয়ালস ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানকে অংশগ্রহণ করার সুযোগ করে দিয়েছে রিহ্যাব।

উদ্বোধনী অনুষ্ঠানে রাজউক চেয়ারম্যান বলেন, একটি দশে গড়ে তুলতে ভবন নির্মাণের সঙ্গে যুক্ত উদ্যোক্তা ও নির্মাণকারীরা গুরুত্বর্পূণ ভূমকিা পালন করনে।

রাজউক চেয়ারম্যান বলনে, “আজ যদি কোনো প্লট মালকিকে নিজের টাকায় বাড়ি নির্মাণ করতে বলা হয়, তাহলে ঢাকা শহরে কয়টি ভবন আদৌ তৈরি হতো—তা ভাবনার বিষয় । র্দীঘদনি ধরে আবাসন খাত নানা চড়াই-উতরাই পেরিয়ে এসেছে উল্লখে করে তিনি বলেন, বর্তমানে কিছুটা মন্দা থাকলেও এটি স্থায়ী নয়, সুদিন অবশ্যই ফিরে আসবে।

ডেভেলপারদরে বিষয়ে প্রচলতি ভুল ধারণার কথা তুলে ধরে রিয়াজুল ইসলাম বলেন, “অনেকে মনে করেন ডেলেপাররা শুধু নিজেদের ব্যবসার কথা ভাবেন। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি,এই ধারণা সঠিক নয়। হয়তো হাতে গোনা কয়েকজন ব্যতিক্রম থাকতে পারেন, তবে সবাই একটি সুন্দর,

পরিকল্পিত ও নিয়মের মধ্যে গড়ে ওঠা শহরই চান।”

বিশেষ অতিথি হিসেবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (এনএইচএ) এর চেয়ারম্যান মোছাঃ ফেরদৌসী বেগম, নিয়ম অনুযায়ী ভবন তৈরির কথা বলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রিহ্যাব প্রেসিডেন্ট মোঃ ওয়াহিদুজ্জামান। সদস্য এবং ক্রেতাদের মধ্যে সেতুবন্ধন তৈরি করতে এই ফেয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করেন তিনি। রিহ্যাব প্রেসিডেন্ট বলেন, “অর্থনৈতিক অগ্রগতির সাথে সাথে মানুষের ভাল জায়গায় সুন্দর একটি ফ্ল্যাট নিয়ে থাকার আগ্রহ বাড়ছে। আমরা নাগরিকদের স্বপ্ন পূরণে কাজ করে যাচ্ছি।

রিহ্যাব এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লিয়াকত্ আলী ভুইয়া আবাসন খাতের বিভিন্ন অবদানের কথা তুলে ধরে বলেন, বর্তমান প্রেক্ষাপটে একজন নাগরিকের পক্ষে হাউজিং লোন ছাড়া ফ্ল্যাট বা প্লট ক্রয় করা প্রায় অসম্ভব। ক্রেতারা যাতে খুব সহজে এই ঋণ পেতে পারে সেই ব্যবস্থা করার জানি জানান তিনি। পরিকল্পিত ও আধুনিক বাসস্থান তৈরিতে গৃহঋণের অবদান অনস্বীকার্য।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন রিহ্যাবের পরিচালক ও মেলা কমিটির কো চেয়ারম্যান মিরাজ মোক্তাদির। অনুষ্ঠানে রিহ্যাবের ভাইস প্রসেডিন্টে-১ লায়ন এম.এ. আউয়াল (সাবেক এমপি), রিহ্যাব এর ভাইস প্রেসিডেন্ট-২ এবং রিহ্যাব ফেয়ার কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আক্তার বিশ্বাস, ভাইস প্রেসিডেন্ট-৩ ইঞ্জি. আব্দুল লতিফ, ভাইস প্রেসিডেন্ট (ফিন্যান্স) আব্দুর রাজ্জাক, ভাইস প্রেসিডেন্ট হাজী দেলোয়ার হোসেন, রিহ্যাব পরিচালক ও ফেয়ার স্ট্যান্ডিং কমিটির কো চেয়ারম্যান সুরুজ সরদার, রিহ্যাব পরিচালক ও প্রেস এ্যান্ড মিডিয়া স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান মুহাম্মদ লাবিব বিল্লাহ্সহ রিহ্যাব পরিচালকবৃন্দ এবং অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রতিদিন সকাল ১০ থেকে রাত ৯ টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীরা মেলায় প্রবেশ করতে পারবেন। মেলায় দুই ধরনের টিকিট থাকছে। একটি সিঙ্গেল এন্ট্রি অপরটি মাল্টিপল এন্ট্রি। সিঙ্গেল টিকিটের প্রবেশ মূল্য ৫০ টাকা। আর মাল্টিপল এন্ট্রি টিকিটের প্রবেশ মূল্য ১০০ টাকা। মাল্টিপল এন্ট্রি টিকিট দিয়ে একজন দর্শনার্থী মেলার সময় ৫ বার প্রবেশ করতে পারবেন। এন্ট্রি টিকিটের প্রাপ্ত সম্পূর্ণ অর্থ দুঃস্থদের সাহায্যার্থে ব্যয় করা হবে। এবছর প্রতিদিন র্যা ফেল